# ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০

সূচী

**ধারাসমূহ**


১। সংক্ষিপ্ত শিরোনামা

২। সংজ্ঞা

৩। আইনের প্রাধান্য

৪। নিয়োগ পদ্ধতি

৫। সরাসরি নিয়োগ

৬। পদোন্নতির মাধ্যমে নিয়োগ

৭। শিক্ষানবিসী

৮। [*বিলুপ্ত*]

৯। চাকুরীর সাধারণ শর্তাবলী

১০। বেতন, ভাতা, ইত্যাদি

১১। শৃঙ্খলামূলক ব্যবস্থা

১২। বিধি প্রণয়নের ক্ষমতা

১৩। কতিপয় বিধি সংশোধন ও হেফাজত

**তফসিল**

# ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০

## ২০০০ সনের ২০ নং আইন

[৬ জুলাই, ২০০০]

**জাতীয় রাজস্ব বোর্ডের অধঃস্তন সকল শুল্কভবন, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট এবং পরিদপ্তরের ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কতিপয় গেজেটেড কর্মকর্তার নিয়োগ ও কর্মের শর্তাবলী নির্ধারণকল্পে প্রণীত আইন**

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণের লক্ষ্যে সংসদ প্রজাতন্ত্রের কর্মে কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তাবলী নিয়ন্ত্রণ করিয়া আইন প্রণয়ন করিতে পারেন; এবং

যেহেতু জাতীয় রাজস্ব বোর্ডের অধঃস্তন সকল শুল্কভবন, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট এবং পরিদপ্তরের ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কতিপয় গেজেটেড কর্মকর্তার নিয়োগ ও কর্মের শর্তাবলী নির্ধারণকল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা

**১**। এই আইন ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০ নামে অভিহিত হইবে।

সংজ্ঞা

**২**। বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "কর্তৃপক্ষ" অর্থ জাতীয় রাজস্ব বোর্ড বা ইহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(গ) "কর্মকর্তা" অর্থ জাতীয় রাজস্ব বোর্ডের অধঃস্তন সকল শুল্কভবন, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট এবং পরিদপ্তরের কেবল তফসিলের কলাম ২ এ উল্লেখিত পদগুলিতে কর্মরত ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা;

(ঘ) "কর্মচারী" অর্থ জাতীয় রাজস্ব বোর্ডের অধঃস্তন সকল শুল্কভবন, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট এবং পরিদপ্তরের কেবল তফসিলের ক্রমিক নং ২ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত পদগুলিতে কর্মরত কর্মচারী;

(ঙ) "তফসিল" অর্থ এই আইনের তফসিল;

(চ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ছ) "পদ" অর্থ তফসিলের কলাম ২ এ উল্লিখিত কোন পদ;

(জ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলের কলাম ২ এ উল্লিখিত কোন পদের বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত যোগ্যতা;

(ঝ) "বাছাই কমিটি" অর্থ ধারা ৬ এর অধীন গঠিত বাছাই কমিটি;

(ঞ) "জাতীয় রাজস্ব বোর্ড" অর্থ The National Board of Revenue Order, 1972 (President's Order No. 76 of 1972) এর Article 3 এর অধীন গঠিত National Board of Revenue;

(ট) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঠ) "শিক্ষানবিস" অর্থ এই আইনের অধীন কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ড) "স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান।

আইনের প্রাধান্য

**৩।** আপাততঃ বলবৎ অন্য কোন আইন, বিধি, প্রবিধান, চুক্তিপত্র বা আইনের ক্ষমতাসম্পন্ন কোন দলিলে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী কার্যকর হইবে।

নিয়োগ পদ্ধতি

**৪।** (১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন পদে নিম্নলিখিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথাঃ-

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে,

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার শূন্য পদ কেবলমাত্র পদোন্নতির মাধ্যমে পূরণ করা হইবে এবং দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তার মোট পদের অন্যূন ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং অনূর্ধ ৫০% পদ তফসিলে উল্লিখিত ফিডার পদধারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে পূরণ করা হইবে।

(৩) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না, যদি উক্ত পদে নিয়োগলাভের জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশ সাপেক্ষে, তফসিলে উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয়।

(৪) পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য দ্বিতীয় শ্রেণীর গেজেটেড পদে পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে।

(৫) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি কিংবা পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

সরাসরি নিয়োগ

৫। (১) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন, অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(২) কোন ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি নিয়োগের জন্য বাছাইকৃত উক্ত ব্যক্তির-

(ক) স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন স্বাস্থ্য কর্মকর্তা এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক ও মানসিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) পূর্ব কার্যকলাপ যথাযোগ্য সংস্থার মাধ্যমে তদন্ত ও যাচাই না হইয়া থাকে কিংবা উক্তরূপ তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৩) কোন ব্যক্তি সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে তাহার নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করিলে, কমিশন উক্ত ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগের জন্য সুপারিশ করিবে না।

পদোন্নতির মাধ্যমে নিয়োগ

৬। (১) কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের উদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ এক বা একাধিক বাছাই কমিটি গঠন করিতে পারিবে এবং এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটি, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, প্রার্থী বাছাই করিবার পর নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট সুপারিশ পেশ করিবে এবং বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগকারী কর্তৃপক্ষ, কমিশনের সুপারিশ সাপেক্ষে, উক্ত পদে নিয়োগদান করিতে পারিবে।

(২) তফসিলে উল্লিখিত যোগ্যতা সাপেক্ষে, কোন কর্মকর্তা বা কর্মচারীকে জ্যেষ্ঠতা ও মেধার ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, কোন কর্মকর্তা বা কর্মচারী কেবলমাত্র জ্যেষ্ঠতার কারণে অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবী করিতে পারিবে না।

(৩) কোন কর্মকর্তা বা কর্মচারীর চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হইলে উক্ত কর্মকর্তা বা কর্মচারী কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

শিক্ষানবিসী

৭। (১) কোন স্থায়ী শূন্য পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে-

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, উক্ত পদে যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, উক্ত পদে যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য-

শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা যাইবে।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ অপরিহার্য মনে করিলে, উক্তরূপ অপরিহার্যের কারণ লিপিবদ্ধ করিয়া, কোন শিক্ষানবিসের শিক্ষানবিসী মেয়াদ এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে এক বা একাধিকবারে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(৩) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি তিনি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত কোন প্রশিক্ষণ বা পরীক্ষায় অংশগ্রহণ না করেন বা উক্ত পরীক্ষা বা প্রশিক্ষণে অংশগ্রহণ করিয়া সন্তোষজনকভাবে সফলকাম না হন।

(৪) কোন শিক্ষানবিসের শিক্ষানবিসী মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, উক্ত শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, তাহা হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ, শিক্ষানবিসী মেয়াদ শেষ হইবার পূর্বে-

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, উক্ত শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, উক্ত শিক্ষানবিসকে যেই পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৫) কোন শিক্ষানবিসের শিক্ষানবিসী মেয়াদ, বর্ধিত মেয়াদসহ, যদি থাকে, পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসী মেয়াদে উক্ত শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল এবং উক্ত শিক্ষানবিস উপ-ধারা (৩) এর অধীন নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন এবং প্রশিক্ষণ, যদি থাকে, সফলতার সহিত সমাপ্ত করিয়াছেন, তাহা হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পদে উক্ত শিক্ষানবিসের নিয়োগ স্থায়ী করিবে।

**৮**। *[ধারা ৮ ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী (সংশোধন) আইন, ২০১০ (২০১০ সনের ২৮ নং আইন) এর ২ ধারা বলে বিলুপ্ত।]*

চাকুরীর সাধারণ শর্তাবলী

**৯**। এই আইনের বিধানাবলী সাপেক্ষে, প্রজাতন্ত্রের অসামরিক পদে নিযুক্ত সরকারী কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য জ্যেষ্ঠতাসহ চাকুরীর অন্যান্য শর্তাবলী, এই আইনের অধীন নিযুক্ত কর্মকর্তাদের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

বেতন, ভাতা, ইত্যাদি

**১০**। সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বেতন, ভাতা, ছুটি, ভবিষ্য তহবিল, গ্রাচ্যুইটি, পেনশন ও চাকুরীর অন্যান্য সুযোগ-সুবিধা সংক্রান্ত প্রচলিত আইন ও বিধিমালা এই আইনের অধীন নিযুক্ত কর্মকর্তাদের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

শৃঙ্খলামূলক ব্যবস্থা

**১১।** এই আইনের অধীন নিযুক্ত কর্মকর্তাদের বিরুদ্ধে গ্রহণীয় শৃঙ্খলামূলক ব্যবস্থা বিধি দ্বারা নির্ধারিত হইবে:

তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য শৃঙ্খলা ও আপীল সংক্রান্ত প্রচলিত আইন ও বিধিমালা এই আইনের অধীন নিযুক্ত কর্মকর্তাদের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

বিধি প্রণয়নের ক্ষমতা

**১২।** সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।

কতিপয় বিধি সংশোধন ও হেফাজত

**১৩।** (১) এই আইনের তফসিলের কলাম ২-এ উল্লিখিত পদসমূহ সংক্রান্ত নিম্নলিখিত বিধিমালাসমূহের সংশ্লিষ্ট বিধানাবলী এতদ্‌দ্বারা বিলুপ্ত করা হইল, যথা:-

(ক) The Principal Appraisers and Appraisers (Customs Department) Recruitment Rules, 1980.

(খ) The Directorate of Customs Intelligence and Investigation (Class-II, Class-III and Class-IV) Recruitment Rules, 1984.

(গ) The Subordinate Executive Posts (Collectorates of Customs and Excise) Recruitment Rules, 1984.

(ঘ) The Directorate of Inspection and Training (Customs and Excise) (Employees) Recruitment Rules, 1984.

(ঙ) The Collectorate of Customs and Excise (Appeal) (Employees) Recruitment Rules, 1984.

(চ) The Department of Customs and Valuation (Employees) Recruitment Rules, 1984.

(ছ) The Subordinate Executive Posts (Sea Customs Department) Recruitment Rules, 1984.

(জ) শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (শুল্ক ও আবগারী) এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০।

(ঝ) অধঃস্তন নির্বাহী গেজেটেড ও নন-গেজেটেড পদ (কালেক্টরেট অব কাষ্টমস, এক্সাইজ এন্ড ভ্যাট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬।

(২) উক্তরূপ বিলুপ্তিকরণ সত্ত্বেও সংশ্লিষ্ট বিধিমালাসমূহের বিলুপ্তিকৃত বিধানাবলীর অধীন কৃত কার্যাবলী ও গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃতকার্য ও গৃহীত ব্যবস্থা বলিয়া গণ্য হইবে।

(৩) উক্তরূপ বিলুপ্তিকরণ সত্ত্বেও এই আইন প্রবর্তনের পূর্বে সংশ্লিষ্ট বিধিমালাসমূহের বিলুপ্তিকৃত বিধানাবলীর অধীন কোন কার্যক্রম নিষ্পন্নাধীন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন করা যাইবে যেন সংশ্লিষ্ট বিধানাবলী বিলুপ্তি করা হয় নাই।

**[১]তফসিল**

**[ধারা ২ (ঙ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | **<u>প্রথম শ্রেণীর গেজেটেড পদঃ</u>** রাজস্ব কর্মকর্তা (Revenue Officer) | - | সহকারী রাজস্ব কর্মকর্তা (Assistant Revenue Officer) হইতে পদোন্নতির মাধ্যমে | কলাম ৪-এ উল্লিখিত ফিডার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি। |
| ২। | **<u>দ্বিতীয় শ্রেণীর গেজেটেড পদঃ</u>** সহকারী রাজস্ব কর্মকর্তা (Assistant Revenue Officer) | অনূর্ধ্ব ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | (ক) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br><br>(খ) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী বা এইচএসসি পরীক্ষা পাশের পর ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রী বা সমমানের ডিগ্রী।<br><br>**<u>পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে :</u>**<br><br>জাতীয় রাজস্ব বোর্ড ও উহার অধঃস্তন শুল্ক ভবন, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, পরিদপ্তর ও শুল্ক, আবগারী ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং শুল্ক, আবগারী ও ভ্যাট ট্রেনিং একাডেমী এর— |

[১] তফসিল ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী (সংশোধন) আইন, ২০১০ (২০১০ সনের ২৮ নং আইন) এর ৩ ধারা বলে প্রতিস্থাপিত ।

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (ক) অফিস সুপারিনটেনডেন্ট, প্রধান সহকারী, সাঁটলিপিকার, উচ্চমান সহকারী, সাঁট-মুদ্রাক্ষরিক, কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি অপারেটর, সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর, টার্মিনাল অপারেটর, পরিসংখ্যান অনুসন্ধায়ক, লাইব্রেরি-য়ান, এ্যাকাউনটেন্ট, ক্যাশিয়ারের এক বা একাধিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; বা<br><br>(খ) অফিস সহকারী, নক্সাবিদ, পাঞ্চকার্ড অপারেটর, পেশকার বা রেকর্ড কিপার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; বা<br><br>(গ) সাব-ইন্সপেক্টর পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি অথবা উক্ত পদের অভিজ্ঞতাসহ সিপাই পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি; বা<br><br>(ঘ) স্টোর কিপার, টেলিফোন অপারেটর, রেডিও অপারেটর, ডিএমও বা সিপাই পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি; এবং |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | “(ঙ) প্যারা (ক), (খ), (গ) ও (ঘ)-এ বর্ণিত অভিজ্ঞতার পাশাপাশি স্নাতক ডিগ্রীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।] |

---